

২০২১

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-7

(বাংলা প্রবন্ধের রূপভেদ, জীবনী ও প্রবন্ধ পাঠ)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) প্রবন্ধ সাহিত্যের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- খ) দুটি রম্যরচনার উদাহরণ দাও।
- গ) পত্রসাহিত্য বলতে কী বোঝায়?
- ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর ছাড়া বাংলা সাহিত্যে দুজন ভ্রমণসাহিত্য রচয়িতার নাম লেখো।
- ঙ) 'জীবনস্মৃতি' ও 'রবীন্দ্রজীবনী' — জীবনীসাহিত্যের কোন্ ধারায় বইগুলি বিবেচিত হতে পারে?
- চ) 'শুধু তাহা নহে, ৮৮ বৎসরের একজন বর্ষীয়সী প্রাচীনা রমণীর লেখা।' — কোন্ গ্রন্থ প্রসঙ্গে কে এই উক্তি করেছেন?

(পরের পাতায়)

- ছ) কোন্ জেলায় কত খ্রিষ্টাব্দে রাসসুন্দরী দেবী জন্মগ্রহণ করেন?
- জ) রাসসুন্দরী দেবীর 'দয়ামাধব' সম্পর্কে ভাবনা একটি বাক্যে লেখো।
- ঝ) 'আমার জীবন' গ্রন্থের ভূমিকা ও গ্রন্থপরিচয় অংশের লেখকের নামগুলি লেখো।
- ঞ) রাসসুন্দরী দেবীর শ্বশুরবাড়িতে কতজন 'চাকরাণী' ছিল? এবং রান্না কে করত?
- ট) কমলাকান্তের দপ্তর কত সালে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- ঠ) 'চুরি করি না!... দর করিয়া আমি ফিরিয়া দিয়াছি।' — উল্লিখিত সংলাপটি কোন্ রচনায় কে কার উদ্দেশ্যে বলেছে?
- ড) 'শরৎসুন্দরী চারুপূর্ণচন্দ্রভালিকে!' — কোন্ রচনায় কাকে এই সম্বোধন করা হচ্ছে?
- ঢ) 'ছোবড়া স্ত্রীলোকের রূপ' — মনুষ্যফল রচনায় কেন একথা বলা হয়েছে একটি বাক্যে লেখো।
- ণ) 'আমার মন' প্রবন্ধে মান-সম্মমকে কিসের সঙ্গে তুলনা করা হয়েছে? কোন্ মাসের পর তা আর থাকে না?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $4 \times 5 = 20$
- ক) জীবনী সাহিত্যের শ্রেণিবিভাগ করে যে কোনো একটি বিভাগ উদাহরণসহ আলোচনা করো।
- খ) একটি সার্থক রম্যরচনা অবলম্বনে এই ধারার বৈশিষ্ট্যগুলি লেখো।

- গ) ‘আমার জীবন’ গ্রন্থে সেই সময়ের মেয়েদের যে করুণ অবস্থার কথা উঠে এসেছে তা নিজের ভাষায় লেখো।
- ঘ) ‘শোক হইলে লোক মৃত্যু ইচ্ছা করে বটে, কিন্তু মৃত্যু হয় না, মৃত্যুর অধিক ফল হয়।’ — কোন্ প্রসঙ্গে রাসসুন্দরী দেবীর এই মানস চিত্রের প্রকাশ ঘটেছে সংক্ষেপে বিশ্লেষণ করো।
- ঙ) ‘আমার দুর্গোৎসব’ নিবন্ধে বঙ্গমাতাকে গৌরবের আসনে পুনঃপ্রতিষ্ঠার জন্য যে মহৎ সংকল্পের কথা ব্যক্ত হয়েছে তা লেখো।
- চ) ‘আমার মন’ রচনায় বঙ্কিমচন্দ্রের যে মানবপ্রীতির কথা প্রকাশ পেয়েছে তা লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

- ক) একটি সার্থক ভ্রমণসাহিত্য থেকে দৃষ্টান্ত নিয়ে ভ্রমণসাহিত্যের সাধারণ লক্ষণগুলি কী কী আলোচনা করো।
- খ) ‘আমার জীবন’ — একটি নারীর আত্মজাগরণের ইতিহাস আলোচনা করো।
- গ) ‘মনুষ্যফল’ নিবন্ধ সমালোচক ও হাস্যরসিক বঙ্কিমচন্দ্রের সম্মিলিত পরিচয় বহন করে তা বিশ্লেষণ করো।
- ঘ) পাঠ্য প্রবন্ধ অবলম্বনে ‘কমলাকান্তের দপ্তর’-এর মৌলিকতা নিজের ভাষায় লেখো।